

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়
ও
রিটার্নিং অফিসারের কার্যালয়, ফেনী
দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন
www.feni.gov.bd

জাতীয় সংসদ নির্বাচন অগ্রাধিকার
অভীভ জরুরি

স্মারক নম্বর : ০৫.২০.৩০০০.০০১.০৯.০০১.২৩- ০৬

তারিখ : ১৮ পৌষ ১৪৩০
০২ জানুয়ারি ২০২৪

জরুরি বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনের তফসিল অনুসারে আগামী ০৭ জানুয়ারি ২০২৪ তারিখে ভোটগ্রহণ অনুষ্ঠিত হবে। ফেনী জেলার ৬টি উপজেলায় মোট ০৩ টি সংসদীয় আসন [২৬৫ ফেনী-০১ (পরশুরাম, ছাগলনাইয়া, ফুলগাজী), ২৬৬ ফেনী-০২ (ফেনী সদর) ও ২৬৭ ফেনী-০৩ (সোনাগাজী, দাগনভূঞা)] রয়েছে। উক্ত নির্বাচনে ভোটগ্রহণের জন্য নির্ধারিত দিবসের পূর্ববর্তী মধ্যরাত অর্থাৎ ০৬ জানুয়ারি ২০২৪ তারিখ দিবাগত মধ্যরাত ১২.০০ টা হতে ০৭ জানুয়ারি ২০২৪ তারিখ দিবাগত মধ্যরাত ১২.০০ টা পর্যন্ত নিম্নোক্ত যানবাহন চলাচলের উপর নিষেধাজ্ঞা আরোপ করার জন্য বাংলাদেশ নির্বাচন কমিশন এবং সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ সিদ্ধান্ত গ্রহণ করেছেন :


(১) ট্যাক্সি ক্যাব	(২) পিক আপ	(৩) মাইক্রোবাস	(৪) ট্রাক
--------------------	------------	----------------	-----------

২.০ সেই সাথে ০৫ জানুয়ারি ২০২৪ তারিখ দিবাগত মধ্যরাত ১২.০০ টা হতে ৮ জানুয়ারি ২০২৪ তারিখ মধ্যরাত ১২.০০ টা পর্যন্ত মোটর সাইকেল চলাচলের উপর নিষেধাজ্ঞা বলবৎ থাকবে।

৩.০ উপরোল্লিখিত নিষেধাজ্ঞা নিম্নবর্ণিত ক্ষেত্রে শিথিলযোগ্য হবে :

- (ক) আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী, সশস্ত্র বাহিনী, প্রশাসন ও অনুমতিপ্রাপ্ত পর্যবেক্ষক;
- (খ) জরুরি সেবা কাজে নিয়োজিত যানবাহন এবং ঔষধ, স্বাস্থ্য-চিকিৎসা ও অনুরূপ কাজে ব্যবহৃত দ্রব্যাদি ও সংবাদপত্র বহনকারী সকল ধরণের যানবাহন;
- (গ) আত্মীয়-স্বজনের জন্য বিমানবন্দরে যাওয়া, বিমানবন্দর হতে যাত্রী বা আত্মীয়-স্বজনসহ নিজ বাসস্থানে অথবা আত্মীয়-স্বজনের বাসায় ফিরে যাওয়ার জন্য ব্যবহৃত যানবাহন (টিকেট বা অনুরূপ প্রমাণ প্রদর্শন সাপেক্ষে) এবং দূরপাল্লার যাত্রী বহনকারী অথবা দূরপাল্লার যাত্রী হিসেবে স্থানীয় পর্যায়ে যাতায়াতের জন্য যে কোন যানবাহন;
- (ঘ) প্রতিদ্বন্দ্বী প্রার্থীর জন্য ১টি, প্রতিদ্বন্দ্বী প্রার্থীর নির্বাচনি এজেন্ট (যথাযথ নিয়োগপত্র/পরিচয়পত্র থাকা সাপেক্ষে) এর জন্য ১টি গাড়ী (জীপ, কার, মাইক্রোবাস ইত্যাদি ছোট আকৃতির যানবাহন) রিটার্নিং অফিসারের অনুমোদন ও গাড়ীতে স্টীকার প্রদর্শন সাপেক্ষে চলাচলের অনুমতি প্রদান;
- (ঙ) সাংবাদিক অথবা জরুরি কোন কাজে ব্যবহৃত মোটর সাইকেল রিটার্নিং অফিসারের অনুমোদন সাপেক্ষে চলাচলের অনুমতি প্রদান;
- (চ) নির্বাচন কমিশনের অনুমোদন সাপেক্ষে নির্বাচনি কাজে নিয়োজিত কর্মকর্তা/কর্মচারি অথবা অন্য কোন ব্যক্তির জন্য মোটর সাইকেল চলাচলের অনুমতি প্রদান; এবং
- (ছ) জাতীয় মহাসড়ক (Highways) বন্দর ছাড়াও আন্তঃজেলা বা মহানগর থেকে বাহির বা প্রবেশের জন্য গুরুত্বপূর্ণ সড়ক, মহাসড়ক ও প্রধান প্রধান রাস্তার সংযোগ সড়ক বা উক্তরূপ সকল রাস্তায় নিষেধাজ্ঞা শিথিলের বিষয়ে প্রয়োজনীয় কার্যকর ব্যবস্থা গ্রহণ করতে পারবেন।

৪.০ উক্ত নিষেধাজ্ঞা অমান্যকারীদের বিরুদ্ধে কঠোর আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।


০২/০২/২০২৪
(মুহাম্মৎ শাহীনা আক্তার)
জেলা প্রশাসক, ফেনী


ও
রিটার্নিং অফিসার
দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন
ফোন : ০২৩০৪৪৭৪০০০
dcfeni@mopa.gov.bd

স্মারক নম্বর : ০৫.২০.৩০০০.০০১.০৯.০০১.২৩- ০৬/১ (৬৬)

তারিখ : ১৮ পৌষ ১৪৩০
০২ জানুয়ারি ২০২৪

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

- ০১। সিনিয়র সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ০২। সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
- ০৩। সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ০৪। বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম
- ০৫। আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, কুমিল্লা অঞ্চল, কুমিল্লা
- ০৬। পুলিশ সুপার, ফেনী
- ০৭। অধিনায়ক, ৪ বিজিবি, জায়লক্ষর, ফেনী
- ০৮। অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, ফেনী
- ০৯। কোম্পানী কমান্ডার, সিপিসি-১, র্যাব-৭, ফেনী
- ১০। জেলা নির্বাচন অফিসার, ফেনী
- ১১। উপজেলা নির্বাহী অফিসার ও সহকারী রিটার্নিং অফিসার, (সকল), ফেনী (তাকে বিজ্ঞপ্তি সংশ্লিষ্ট নির্বাচনি এলাকায় মাইকিং এর মাধ্যমে ব্যাপক প্রচার করার জন্য অনুরোধ করা হলো)
- ১২। জেলা কমান্ড্যান্ট, আনসার ও ভিডিপি, ফেনী
- ১৩। সহকারী পরিচালক, বিআরটিএ, ফেনী
- ১৪। জেলা তথ্য অফিসার, ফেনী (তাকে বিজ্ঞপ্তি সংশ্লিষ্ট নির্বাচনি এলাকায় মাইকিং এর মাধ্যমে ব্যাপক প্রচার করার জন্য অনুরোধ করা হলো)
- ১৫। প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, জেলা কার্যালয়, ফেনী (জেলা ওয়েবসাইটে প্রকাশের জন্য)
- ১৬। উপজেলা নির্বাচন অফিসার, ফেনী সদর/ছাগলনাইয়া/ফুলগাজী/পরশুরাম/সোনাগাজী/দাগনভূঞা, ফেনী
- ১৭। অফিসার ইনচার্জ, ফেনী সদর/ছাগলনাইয়া/ফুলগাজী/পরশুরাম/সোনাগাজী/দাগনভূঞা থানা, ফেনী
- ১৮। অফিস কপি/মাস্টার ফাইল।


০২/০১/২০২৪
জেলা প্রশাসক, ফেনী

ও
রিটার্নিং অফিসার
দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন